গাংনীতে ঘরের ভিতর থেকে ৫৫ বোতল ফেন্সিডিল উদ্ধার

মেহেরপুর জেলার গাংনী উপজেলার কাজীপুর বর্ডারপাড়ার জাহাঙ্গীর আনাম নামের ব্যক্তির বাড়ি থেকে ৫৫ বোতল ফেন্সিডিল উদ্ধার করেছে ডিবি পুলিশ। এসময় বাড়ি মালিক জাহাঙ্গীর আনাম (৪০) নামের ঐ ব্যক্তি পালিয়ে যায়।

বুধবার দুপুরে এস আই অজয় কুমার কুন্ডু ও এ এস আই জসিম উদ্দিন এর নেতৃত্বে অভিযান চালিয়ে ফেন্সিডিল গুলো উদ্ধার করা হয়। পরে মেহেরপুর জেলা গোয়েন্দা কার্যালয়ে উদ্ধাকৃত ফেন্সিডিল নিয়ে আসা হয়।

এ বিষয়ে জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী জানান, গোপন সংবাদের ভিত্তিতে গাংনীর কাজীপুরে একটি বাড়ি থেকে ফেন্সিডিল উদ্ধার করা হয়েছে। বাড়ি মালিক পলাতক রয়েছে। তার বিরুদ্ধে গাংনী থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

মেপ্র/এমএফআর

বাংলাদেশ টেলিভিশনের নিয়মিত নৃত্য শিল্পীর তালিকাভূক্ত হলেন জীবননগরে সাফা

বাংলাদেশ টেলিভিশন কর্তৃপক্ষ সারা দেশ থেকে নিয়মিত নৃত্য শিল্পী বাঁছাই কার্যক্রম শেষ করেছে। এ বছর বাংলাদেশ টেলিভিশনের তালিকা ভূক্ত নৃত্য শিল্পী নির্বাচিত হয়েছেন জীবননগরের মেয়ে সাউদিয়া রহমান সাফা। বাংলাদেশ টেলিভিশনের সিস্টেম এনালিষ্ট কার্যালয় থকে এ তথ্য নিশ্চিত করা হয়েছে।

জীবননগরের মেয়ে সাউদিয়া রহমান সাফা বাংলাদেশ টেলিভিশনের নিয়মিত

নৃত্য শিল্পী আবেদনে গত ২৩ ডিসেম্বর-২০২০ টেলিভিশন ভবনের প্রতিযোগিতায় অংশ গ্রহণ করে। প্রথম রাউন্ডে নির্বাচিত হওয়ায় তাকে পুনরায় দ্বিতীয় রাউন্ডে অংশগ্রহণের জন্য জানানো হয়। গত ২৮জানুয়ারী -২০২১ দ্বিতীয় রাউন্ডের প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। ১৬ ফেব্রুয়ারি বাংলাদেশ টেলিভিশনের সিস্টেম এনালিস্টের কার্যালয় চুড়ান্ত বিজয়ীদের তালিকা প্রকাশ করে। এই তালিকায় চূড়ান্ত বিজয়ী হিসেবে নৃত্য শিল্পী সাউদিয়া রহমান সাফা কৃতিত্বের স্বাক্ষর রেখে নিয়মিত শিল্পী নির্বাচিত হয়।

জীবননগরের সাংবাদিক কাজী সামসুর রহমান চঞ্চল ও তানিয়া রহমান দম্পত্তির মেয়ে সাউদিয়া রহমান সাফা ইতি পূর্বে জাতীয় নৃত্য প্রতিযোগিতায় চূড়ান্ত পূর্বে একাধিকবার কৃতিত্বের স্বাক্ষর রেখেছে। সে সাধারণ নৃত্যে জাতীয় পর্যায়ে প্রথম স্থান, লোক নৃত্যে জাতীয় পর্যায়ে প্রথম স্থান ও ভরত নট্যম নৃত্যে জাতীয় পর্যায়ে প্রথম স্থান অধিকার করে। এছাড়াও দেশের বাইরে আন্তর্জাতিক নৃত্য প্রতিযোগিতায় থাইল্যান্ড ও ভারতে বাংলাদেশের প্রতিনিধিত্ব করেন।

জীবননগরে বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথনের উদ্বোধন

মুজিব শতবর্ষ উপলক্ষে চুয়াডাঙ্গা জীবননগরে বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথনের উদ্বোধন করা হয়েছে।গতকাল বুধবার সকাল সাড়ে ৭টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকনের সভাপতিত্বে জীবননগর মেইন বাসষ্ট্রান্ড থেকে ৫ কিলোমিটার দৌড় প্রতিযোগিতার শুভ উদ্বোধন করেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান।

এ সময় উপস্থিত ছিলেন পাথিলা বীজ উৎপাদন খামারের উপ-পরিচালক গোলাম সরোয়ার, জীবননগর উপজেলা আওয়ামলীগের সভাপতি গোলাম মোর্তুজা,সাধারন সম্পাদক নজরুল ইসলাম,জীবননগর উপজেলা পরিষদের সাবেক উপজেলা চেয়ারম্যান আবু মোঃ আঃ লতিফ অমল,উপজেলা পরিষদের

ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,জীবননগর প্রেস ক্লাবের সাধারন সম্পাদক এম আর বাবু,জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি জাহিদ বাবু,জীবননগর থানার ওসি তদন্ত ফৈরদৌস ওয়াহিদসহ বিভিন্ন সরকারি,বে-সরকারি ও সেচ্ছাসেবী সংগঠনের সদস্যরা উপস্থিত ছিলেন।দৌড় প্রতিযোগিতা প্রথম স্থান লাভ করেন রাজমিস্ত্রি মিন্টমিয়া ◌ু,দ্বিতীয় স্থান লাভ করেছেন সাগর হোসেন,তৃতীয় স্থান লাভ করেছেন পলাশ মিয়াসহ অংশগ্রহন কারী ২০জন ব্যাক্তির মাঝে পুরস্কার বিতরণ করা হয়।এ প্রতিযোগিতায় জীবননগর উপজেলায় ১হাজার ব্যাক্তি অংশগ্রহন করেন ।

মেহেরপুরে বিভাগীয় কমিশনারের মতবিনিময় সভা

খুলনা বিভাগের মান্যবর বিভাগীয় কমিশনার মোঃ ইসমাইল হোসেন এনডিসি মহোদয় এর সাথে জেলা পর্যায়ের বিভিন্ন বিভাগের কর্মকর্তা এবং সুধীজনদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

বুধবার সকালে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ মতবিনিময় আয়োজন করা হয়।
জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্ব মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা বিভাগের মান্যবর বিভাগীয় কমিশনার মোঃ ইসমাইল হোসেন এনডিসি ।
অন্যদের মধ্যে অতিরিক্ত পুলিশ সুপার (হেডকোয়াটার) এস এম ফয়সাল, মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল, মেহেরপুর পৌরসভার প্যানেল মেয়র শাহীনুর রহমান রিটন, গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী সম্ভু রাম পাল, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক স্বপন কুমার খান, জেলা আইনজাবী সমিতির সভাপতি মিয়াজান আলী, গাংনী পৌরসভার মেয়র আহমেদ আলী, গাংনা উপজেলা চেয়ারম্যান এম এ খালেক, মুজিবনগর উপজেলা চেয়ারম্যান জিয়ার উদ্দিন, পিরোজপুর ইউনিয়নের চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, সাবেক সংসদ সদস্য মকবুল হোসেন, পিপি পল্লব ভট্টাচার্য, প্রফেসর হাসানুজ্জামান মালেক, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি এম এ

হালিম বক্তব্য রাখেন।
এ ছাড়াও উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ তৌফিকির রহমান, মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর শফিউল ইসলাম সরদার, অতিরিক্ত জেলা ম্যাজিট্টেট হাফিজ আল আসাদ, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সাইদুর রহমান, মৎস্য কর্মকর্তা সাইফুদ্দিন ইয়াহিয়া, খাদ্য কর্মকর্তা আব্দুল হামিদ, জেলা ফুটবল এ্যাসোসিয়েনের সাধারণ সম্পাদক আনোয়ারুল হক সহ বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তারা ।

খুলনা বিভাগের মান্যবর বিভাগীয় কমিশনার মোঃ ইসমাইল হোসেন এনডিসি মহোদয় বলেন মুক্তিযোদ্ধাদের সম্মান করতে হবে, উনি যুদ্ধ করেছিলে বলেই আজকে আপনার বাংলাদেশ উনি যুদ্ধ করেছিল বলেই আজকে আপনি লাল সবুজের পতাকার সামনে দাঁড়িয়ে জাতীয় সংগীত গাইছেন তাই তাদেরকে সবসময় সম্মান করতে হবে।কেননা ইচ্ছা করলেও আগামী ২০ বছর পর ৫০ জন মুক্তিযোদ্ধাকে অডিটোরিয়াম রুমে সম্বর্ধনা দিবেন আপনি কি জোগাড় করতে পারবেন তাই কোন অবস্থাতেই কোন বীর মুক্তিযোদ্ধাদের প্রতি কোন অমর্যাদাকর আচরণ করা যাবে না ।
এই মতবিনিময় সভায় জেলা এবং উপজেলা পর্যায়ে বিভিন্ন উন্নয়ন এবং সমস্যার কথা তুলে ধরা হয়।
এই মতবিনিময় সভার শেষে মেহেরপুর জেলা হিসেবে ৩৭ বছর পূর্তি উপলক্ষে মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে কেক কাটা হয়েছে । খুলনা বিভাগীয় কমিশনার মোঃ ইসমাইল হোসেন এনডিসি কেক কেটে মেহেরপুর জেলার ৩৭ তম প্রতিষ্ঠার দিনটি উদযাপন করেন। এসময় বিভাগীয় কমিশনার মেহেরপুর-২ আসনের সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেনের মুখে কেক তুলে দেন ।

অনুষ্ঠান শেষে খুলনা বিভাগীয় কমিশনার মোঃ ইসমাইল হোসেন এনডিসি মেহেরপুর জেলা প্রশাসনের ছাদ বাগানে একটি চায়না-৩ লিচুর চারা রোপণ করেন।

আলমডাঙ্গা পানি সরবারহ পাইপ লাইন স্থাপন

আলমডাঙ্গা পৌরসভায় পানি সরবরাহের ৩৬.৪৫ কি.মি পাইপ লাইন স্থাপন ও ৫.২৭ কি.মি. ড্রেন নির্মাণ এর উদ্বোধন করে চুয়াডাঙ্গা ১ আসনের এমপি সোলাইমান হক জোয়াদ্দার ছেলুন

আলমডাঙ্গা অফিসঃ চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দার ছেলুন এমপি বলেন, ইচ্ছা থাকলে দেশের উন্নয়ন করা সম্ভব,এই প্রকল্পের পিডি যে মন্তব্য করেছেন,আমি তাকে ধন্যবাদ জানাই,মঞ্চে এসে দুচারটে কথা যারা বলে যান,তাতে দেশের উন্নয়ন হয়না।

উন্নয়ন করতে হলে স্বদইচ্ছা থাকা প্রয়োজন,যা আমরা কাজ করে দেখিয়েছি। মাত্র ১২ বছর ক্ষমতায় এসে জননেন্ত্রী হাসিনা বাংলাদের জীবন মান অনেক উন্নত করেছেন।আমরা চুয়াডাঙ্গা আলমডাঙ্গায় যে উন্নয়ন করেছি তা কোন সরকারের আমলে কোরতে পারেনি।

আজ পৌর সভায় ১০ কোটি টাকার সুপেয় পানী সরবরাহ ও ড্রেন নির্মান কাজের উদ্বোধন করা হল,এবং পৌর যে সামান্য কাজ বাকি থাকলো তা অতি সত্তর করা হবে ।আশা করি আগামি কয়েক বছরে আলমডাঙ্গার প্রত্যেক ইউনিয়নের গ্রামকে শহরে রুপান্তরিত করা হবে।

আমরা স্বাধীনতার ৫০ বছর পালন করতে যাচ্ছি। জাতীর পিতা বঙ্গবন্ধু স্বপ্ন দেখতেন সুখি সমৃদ্ধ শীল,ক্ষুধামুক্ত,দারীদ্রমুক্ত একটি সোনার বাংলার,কিন্ত উনি তা বাস্তবে দেখে যেতে পারেন নি,উনার সুযোগ্য কন্যা গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধান মন্ত্রী শেখ হাসিনা তা বাস্তবে রুপ দিচ্ছে।

বাংলাদেশ আজ বিশ্বের রোল মডেল,অনেক দেশ আজ বাংলাদের মত হোতে চায়,এমনকি পাকিস্তানের প্রধান মন্ত্রী ইমরান খান নিজে বলেছেন,ইউরোপ বা আমেরিকার মত নয়,আমরা বাংলাদেশের মত হতে চাই।গতকাল মঙ্গলবার বেলা ১২ টার দিকে পৌর সভার চাতাল মোড়ে এমপি ছেলুন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই কাজের শুভ উদ্বোধন করেন।

বাংলাদেশের ২৩ টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প

(GOB-IDB) এর আওতায় আলমডাঙ্গা পৌরসভায় পানি সরবরাহের ৩৬.৪৫ কি.মি পাইপ লাইন স্থাপন ও ৫.২৭ কি.মি. ড্রেন নির্মাণ এর উদ্বোধন করে চুয়াডাঙ্গা ১ আসনের এমপি সোলাইমান হক জোয়াদ্দার ছেলুন।

অনুষ্ঠানে আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলিগের সভাপতি ও ৪ বারের পৌর মেয়র হাসান কাদির গনুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুযাডাঙ্গা ১ আসনের এমপি সোলায়মান হক জোয়াদ্দার ছেলুন।

গতকাল মঙ্গলবার বেলা ১২ টার দিকে এরশাদপুর চাতাল মোড়ে আনুষ্ঠানিক ভাবে ড্রেন ও পাইন লাইন এর কাজের উদ্বোধন করেন। পরে, পৌর এলাকার চাতাল মোড়ে ড্রেন ও আনন্দধামে পানির পাইপ লাইনের কাজের ফলক উন্মোচন করে।

পৌর মেয়র হাসান কাদির গনু বলেন,আমি মাননীয় প্রধান মন্ত্রী জননেন্ত্রী শেখ হাসিনার কাছে কৃতজ্ঞ, চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের শেষ ঠিকানা আমার প্রান প্রিয় নেতা ছেলুন ভাইয়ের কাছে চির কৃতজ্ঞ,কৃতজ্ঞ আলমডাঙ্গা পৌর বাসির কাছে,যারা বার বার আমাকে নির্বাচিত করেছেন।

আপনাদের ঋন আমি কোন দিন ভুলব না।নির্বাচনের আগে ৩৩ টি রাস্তার কাজ শুরু করেছিলাম,ইতোমধ্যে অনেক কাজ সম্পন্ন হয়েছে,এই কাজও করোনার কারনে শুরু করতে দেরী হয়ে গেল,তারপরও আজ শুভ উদ্বোধন করা হল।আশা করি পৌর বাসিকে নাগরিক সুবিধা দিতে আমরা কোন কার্পন্য করব না।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশের ২৩ টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প পরিচালক ওয়াজেদ আলি, চুয়াডাঙ্গা জনসাস্থ্য অধিদপ্তরের নির্বাহি প্রকৌশলী খন্দকার এরশাদুজ্জামান মৃদুল, আলমডাঙ্গা উপজেলা নির্বাহি অফিসার লিটন আলি, জেলা আওয়ামীলিগের সহ-সভাপতি খুস্তার জামিল, চুয়াডাঙ্গা সাবেক মেয়র ও জেলা আওয়ামীলিগের যুগ্ন-সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়াদ্দার টোটন, সাংগঠনিক সম্পাদক মাসুজ্জামান লিটু বিশ্বাস, মুন্সী আলমঙ্গীর হান্নান, আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলিগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ইয়াকুল আলি মাস্টার, রবিউল হক, পৌর আওয়ামীলিগের সভাপতি দেলোয়ার হোসেন, চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সভাপতি মোহামাইন জোয়াদ্দার অনিক, আলমডাঙ্গা উপজেলা ছাত্রলীগের সভাপতি ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সালমুন আহমেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজি মারজাহান নিতু, আলমডাঙ্গা বণিক সমিতির

সভাপতি আরেফিন মিয়া মিলন, খাদেমপুর ইউনিয়ন আওয়ামীলিগের সভাপতি হাফিজুর রহমান বাবলু, সাধারণ সম্পাদক মোজাহেদুর রহমান লোটাস জোয়াদ্দার প্রমূখ।

মেহেরপুরে আলো ছড়াচ্ছে অনলাইন ব্যবসা

এম এফ রুপক:

সোহাগ ও তীথি দু-জনই বেশ ভালো বন্ধু। সোহাগের বাড়ি মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামে ও তীথির বাড়ি মেহেরপুরের মল্লিক পাড়ায়। পড়াশুনার পাশাপাশি যৌথভাবে শুরু করেছে অনলাইনে পন্য বিক্রির ব্যবসা। নাম দিয়েছে “কি নিবেন”। বছর খানেক হলো তাদের এই অনলাইন ব্যবসা। ফ্যাশান, ঘরোয়া পন্য, বিভিন্ন ধরনের কসমেটিক, মধু, খাটি গরুর দুধ, বিভিন্ন ইলেকট্রনিক্স পন্য অনলাইনের মাধ্যমে গ্রাহকদের কাছ থেকে অর্ডার নিয়ে পৌছে দিচ্ছেন বাড়ি বাড়ি। এক বছরে বেশ সাড়া পেয়েছে। “কি নেবেন ডট কম” নামের ওয়েব সাইট ও ফেসবুক পেজ এর মাধ্যমে গ্রাহকদের কাছ থেকে অর্ডার নেয় সোহাগ, তীথি। করোনাময় এক বছরে প্রায় ৫ লাখ টাকার বিভিন্ন পন্য বিক্রি করেছে তারা। মেহেরপুর ছাড়িয়ে দেশের বিভিন্ন প্রান্ত থেকে তারা অর্ডার পাচ্ছে। কুরিয়ার সার্ভিসের মাধ্যমে পন্য পৌছে দিচ্ছে গ্রাহকদের দোর গোড়ায়। ঘরে বসে পছন্দের পন্য পেয়ে খুশি সাধারণ গ্রাহকরাও। সোহাগ, তীথি উদ্যোক্তা হওয়ার পাশাপাশি “আজকের ভালো কাজ” নামের একটি সেচ্ছাসেবি সংগঠনও পরিচালনা করে।
সোহাগ ও তীথির মত মেহেরপুরের হোটেল বাজারের মাহামুদা খাতুনও শুরু করেছেন অনলাইনে ব্যবসা। গৃহীনি মাহমুদা খাতুন সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকের মাধ্যমে বিক্রি করেন নারীদের আকর্ষনীয় বিভিন্ন পোশাক। দোকানের পাশাপাশি ক্যাশ অন হোম ডেলিভারিও দিচ্ছেন মেহেরপুর সহ বিভিন্ন জেলায়। কখনো পোশাক কিনে আবার কখনো নিজেই ডিজাইন করে তৈরি করে বিক্রি করছেন তিনি। করোনাকালে বেশ সাড়া পেয়েছেন মাহামুদা। তিনি জানান, স্বামী, ছেলে নিয়ে বেশ ভালোই আছি। পরিবারের সহযোগীতাই নিজেই গড়ে তুলেছি এই শপিং

অধ্যাপক গোলাম মোস্তফা বলেন, বর্তমান বিশ্ব ও মানব সম্প্রদায় আজ এক ভয়াবহ বিপর্যয়ের মধ্যে দিয়ে পার হচ্ছে। কোভিড-১৯-এর কারণে মানুষের স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত হচ্ছে এবং লম্বা সময় ধরে কর্মযজ্ঞে স্থবিরতা বিরাজ করেছে। কর্মহীনতার জন্য পরিবারের আর্থিক উপার্জন কমে যাচ্ছে। তাই বিদ্যমান পরিস্থিতির সঙ্গে আমাদের খাপ খাইয়ে নিতে অনলাইন ব্যবসা বেশ সম্ভাবনাময়। করোনার তৈরি হুমকি থেকে কর্মের নতুন সুযোগ এই ই-কর্মাস।

আলমডাঙ্গায় রাস্তা নির্মাণ কাজের উদ্বোধন

চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দার ছেলুন বলেছেন, আমরা উন্নয়নে বিশ্বাস করি, দেশেন উন্নয়নে কাজ করে যাচ্ছি।
আওয়ামী লীগ ক্ষমতায় আসলে উন্নয়ন হয়। উন্নয়ন করতে হলে ইচ্ছা থাকা প্রয়োজন যা আমরা কাজ করে দেখিয়েছি। এলজিইডির রুরাল কমিউনিটি ইমপ্লিমেন্ট প্রজেক্টের অধিনে আজ হাউসপুর থেকে বেলগাছি, খাসকররা হয়ে সরোজ গঞ্জ জিসি পর্যন্ত ১৯ কোটি ৫৮ লক্ষ ৫০ হাহার টাকা ব্যয়ে ১৮ কিঃ মিঃ রাস্তা নির্মাণ কাজের উদ্বোধন করা হল। পর্যায় ক্রমে আলমডাঙ্গার প্রত্যেক ইউনিয়নেটর রস্তা নির্মাণ করা হবে। আমরা চুয়াডাঙ্গা আলমডাঙ্গায় যে উন্নয়ন করেছি তা কোন সরকারের আমলে করতে পারেনি।
তিনি বলেন, আমরা স্বাধীনতার ৫০ বছর পূর্তি পালন করতে যাচ্ছি। জাতীর পিতা বঙ্গবন্ধু স্বপ্ন দেখতেন সুখী সমৃদ্ধ শীল, ক্ষুধামুক্ত, দারিদ্রমুক্ত একটি সোনার বাংলার। কিন্ত উনি বাস্তবে রুপ দিয়ে যেতে পারেন নি। তার কন্যা জননেন্ত্রী শেখ হাসিনা করে দেখিয়েছেন।
আলমডাঙ্গা ডাউকি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি নুরুল ইসলাম দিপুর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার মোঃ লিটন আলি, উপজেলা প্রকৌশলী আব্দুর রশিদ, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি খুস্তার জামিল, চুয়াডাঙ্গা সাবেক মেয়র ও জেলা আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম

জোয়াদ্দার টোটন, সাংগঠনিক সম্পাদক মাসুজ্জামান লিটু বিশ্বাস, মুন্সী আলমঙ্গীর হান্নান, ওসি আলমগীর কবির, আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ইয়াকুল আলি মাস্টার, পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন, চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সভাপতি মোহাইমেন হাসান জোয়াদ্দার অনিক, আলমডাঙ্গা উপজেলা ছাত্রলীগের সভাপতি ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সালমুন আহমেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজি মারজাহান নিতু, উপজেলা আওয়ামী লীগের সাংগাঠনিক সম্পাদক আতিয়ার রহমান, ক্রীড়া সম্পাদক মহিদুল ইসলাম মহিদ, প্রেস ক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সম্পাদক হামিদুল ইসলাম আজম, খাদেমপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি হাফিজুর রহমান বাবলু, সাধারণ সম্পাদক মোজাহেদুর রহমান জোয়াদ্দার লোটাস, পৌর ছাত্রলীগের সভাপতি নয়ন সরকার, সরকারী কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল হকসহ ডাউকি ইউনিন আওয়ামী লীগের সম্পাদক ইউপি চেয়ারম্যান তরিকুল ইসলামসহ সকল নেতৃবৃন্দ।

কুষ্টিয়ায় বস্তাবন্দি মরদেহ উদ্ধার, আটক-২

কুষ্টিয়ার মিরপুর উপজেলার পোড়াদহে নিখোঁজ হওয়ার ২৮ দিন পরে পুকুর থেকে মমতাজ বেগম (৫৫) নামের এক নারীর বস্তাবন্দি মরদেহ উদ্ধার করেছে পুলিশ।
গতকাল মঙ্গলবার বিকালের দিকে মিরপুর উপজেলার পোড়াদহ ইউনিয়নের দক্ষিণ কাটদহ এলাকার একটি পুকুর থেকে এ মরদেহটি উদ্ধার করা হয়। মমতাজ বেগম ওই এলাকার মৃত ফজল বিশ্বাসের স্ত্রী। এ ঘটনায় হত্যার দায়ে মমতাজ বেগমের ছেলে মুন্না (২৮) ও দক্ষিণকাটদহ এলাকার ইয়াসিনের ছেলে রাব্বিকে আটক করে পুলিশ।
পরে তাদের দেওয়া তথ্যের ভিত্তিতে গতকাল মঙ্গলবার পুলিশ এসে পুকুর থেকে বস্তাবন্দি মরদেহ উদ্ধার করে।
স্থানীয় ইউপি সদস্য আমিরুল ইসলাম সান্টু জানান, তিন মেয়ের বিয়ে হয়ে যাওয়া এবং স্বামী ফজল বিশ্বাসের মৃত্যুর পরে ছোট ছেলে মুন্নাকে নিয়ে বসবাস করতেন মমতাজ বেগম। ২৮ দিন ধরে মুন্নার মা মমতাজ বেগম নিখোঁজ ছিলেন।

কুষ্টিয়া গোয়েন্দা পুলিশের (ডিবি) ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আমিনুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, হত্যার কারণ সম্পর্কে এখনো তেমন কিছু জানা যায়নি, পরে বিস্তারিত জানানো হবে।

একজন মানবিক করোনাযোদ্ধা কুষ্টিয়ার আসাদুল ইসলাম

বৈশ্বিক মহামারী করোনা ভাইরাস সংক্রমণের শুরু থেকে করোনা পজিটিভ আক্রান্ত রোগীদের সেবা দিয়ে করোনা ভাইরাসের বিরুদ্ধে প্রত্যক্ষভাবে লড়াই করে যাওয়া এক যুবকের নাম মো: আসাদুল ইসলাম। কুষ্টিয়ায় গড়ে ওঠা বেসরকারি স্বাস্থ্য চিকিৎসা কেন্দ্র সনো হসপিটাল’র সিনিয়র ব্রাদার পোস্ট হিসেবে দীর্ঘ ৭ বছর ধরে দায়িত্ব পালন করছেন তিনি।
আসাদুল ইসলাম করোনাকালীন বিভিন্ন জায়গায় করোনা রোগীদের চিকিৎসা ঔষধ পথ্য সেবা দিয়ে এসেছেন। চিকিৎসকের নির্দেশে তিনি এসব রোগীদের সেবার জন্য এ পর্যন্ত ৭৫ জন রোগীদের সেবা দিয়েছেন তিনি। তারা সবাই সুস্থ্য হয়ে উঠেছেন।
এ কাজে মৃত্যুর ঝুঁকি আছে, তারপরেও তিনি ঝাঁপিয়ে পড়েছেন মানুষের সেবায়। এখন পর্যন্ত সেবা দিয়ে যাচ্ছেন তিনি।
তবে তার এই সেবার বিষয়ে তিনি বলেন, আমি মানুষের সেবায় কাজ করে আসছি দীর্ঘদিন ধরে। কিন্তু এই করোনাকালীন আবার করোনা ভাইরাস পজিটিভ মানুষকে সেবা করার মতো কঠিনতম কাজও আমি করেছি। আর এই কাজের অনুপ্রেরণা জুগিয়েছিলো কুষ্টিয়া জেনারেল হাসপাতালের কার্ডিয়াক বিভাগের চিকিৎসক ডা: নাসিমুল বারী বাপ্পী ও কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মেডিসিন বিভাগের জ্যেষ্ঠ মেডিসিন বিশেষজ্ঞ এসএম মুসা কবির। কোন কিছু পাওয়ার আশায় নয়, একেবারেই মানবিকতার বোধ থেকে আমি তাদের পাশে ছিলাম। সুস্থ্য করার জন্য দায়িত্ব পালন করেছি। তাদের সেবা করার চেষ্টা করেছি এবং ভবিষ্যতেও সেবা করবো। অক্সিজেন দেওয়াসহ বিভিন্ন ঔষধ খাওয়ানো এবং সেবা দিয়ে আসা ছিলো তার দায়িত্ব।
সরাসরি করোনা রোগীর সেবার ব্যাপারে তিনি ক্ষোভ প্রকাশ করে

তিনি এ করোনাকালীন সময়ে অনেক রোগীকে সেবা করেছে। তর জন্য আমাদের হাসপাতালের অনেক চাপ কমেছিলো।

কুষ্টিয়ায় কসমেটিকসের গোডাউনে আগুন, কোটি টাকার ক্ষতি

কুষ্টিয়া শহরের বড়বাজারে একটি কসমেটিকসের গোডাউনে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। আগুন নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিসের মোট চারটি দল কাজ করেছে। প্রায় তিন ঘণ্টা পর আগুন নিয়ন্ত্রণে আসে। গতকাল মঙ্গলবার বিকেলে কুষ্টিয়া শহরের বড়বাজার এলাকায় এ ঘটনা ঘটে।
সরু গলি সড়ক আর পানি স্বল্পতায় দ্রুত আগুন নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়নি। গুদামে গ্যাস লাইট, লাইটার, বডি স্প্রেসহ বিভিন্ন কসমেটিকস পণ্য ছিলো।
স্থানীয়রা জানান, তিন তলাবিশিষ্ট বড়বাজার মসজিদ মার্কেটের দুই তলায় জাহাঙ্গীর কসমেটিকস স্টোর নামক দোকানের গুদাম ঘরে এই আগুন লাগে। বিকাল ৪টা ১৫ মিনিটের দিকে এই আগুনের সূত্রপাত হয়। নিচতলায় নিজের দোকানে বসে সিসি ক্যামেরার ভিডিও দেখে জাহাঙ্গীর আলম গুদামের আগুন টের পান। দ্রুত এসে তিনি ফায়ার সার্ভিসকে খবর দেন। স্থানীয়রা ছুটে এসে আগুন নিয়ন্ত্রণে নেবার চেষ্টা শুরু করেন। কিন্তু যত সময়ের সঙ্গে পাল্লা দিয়ে ধোঁয়া বাড়তে থাকে। কুষ্টিয়া ফায়ার সার্ভিস দল এসে আগুন নিয়ন্ত্রণে কাজ শুরু করেন।

কুষ্টিয়া ফায়ার সার্ভিসের সহকারী পরিচালক রফিকুল ইসলাম জানান, সরু গলি হওয়ায় দূরে গাড়ি রেখে তারা পাইপের মাধ্যমে পানি দিয়ে আগুন নিয়ন্ত্রণে আনা সম্ভব হচ্ছিল না। পানি শেষ হয়ে গেলে ফায়ার সার্ভিসের কর্মীরা আশপাশে সহজে পানি পায়নি। খবর দেওয়া হয় কুষ্টিয়ার উপজেলাগুলোর ফায়ার সার্ভিস দলকে।
পরবর্তিতে আরও তিনটি ইউনিট এসে যোগ দেয়। তবে পানি যোগানে স্বল্পতা, সরু গলির সড়কে জায়গা না থাকায় আগুন নিয়ন্ত্রণে অনেক সময় লেগেছে। পরে ছাদ ভেঙ্গে সেখান দিয়ে ফায়ার সার্ভিসের কর্মীরা ভেতরে ঢুকে পানি ও গ্যাস দিয়ে তিন ঘণ্টার প্রাণপণ চেষ্টায় আগুন

নিয়ন্ত্রণে আসে। তবে কিভাবে আগুন লেগেছে এখন পর্যন্ত তা জানা যায়নি। আগুন লাগার সময় গুদামে কেউ ছিল না বলে জানা গেছে। দোকানি জাহাঙ্গীর বলেন, তার গুদামে কোটি টাকার বেশি মালামাল ছিল।